



**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT - SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**23 JANUARY 2025**

**7:35 AM IST**

=====

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আগামী মাসে গুয়াগাটীতে অনুষ্ঠিত এডভান্টেজ আসামের দ্বিতীয় পর্বে বিনিয়োগ আনার উদ্দেশ্যে গতকাল জাপানের অর্থ, বাণিজ্য ও শিল্পমন্ত্রী কোগা উইচিরো'র সঙ্গে সাক্ষাৎ করেছেন। মুখ্যমন্ত্রী টোকিও-তে একটি রোড শো'তে অংশ নিয়ে জাপানের প্রথমসারির শিল্পপতিদের সঙ্গে মত বিনিময় করেন। মত বিনিময় অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আসামের অর্থনৈতিক বিকাশ এবং ব্যবসার অনুকূল পরিবেশ সংক্রান্ত বিষয় নিয়ে আলোচনা করেন।

---

রাজ্যের অর্থ, মহিলা ও শিশুবিকাশ বিভাগের মন্ত্রী অজন্তা নেওগ গতকাল শ্রীভূমি জেলা সফর করে সেখানকার উন্নয়নমূলক প্রকল্পগুলির অগ্রগতির খোঁজখবর নেন। শ্রীভূমি জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর উপস্থিতিতে অনুষ্ঠিত এক পর্যালোচনা বৈঠকে মন্ত্রী শ্রীমতি নেওগ জেলা সমাজ কল্যাণ বিভাগ ও অন্যান্য বিভাগের আধিকারিকদের সঙ্গে আলোচনায় মিলিত হন। এতে তিনি মাতৃত্বকালীন মৃত্যু, শিশুমৃত্যু ও দারিদ্র নির্মূলকরণের উপর গুরুত্ব আরোপ করেন। পাশাপাশি জেলায় প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা যোজনা এবং বেটি বাচাও বেটি

পড়াও কার্যসূচীর রূপায়ণ নিয়ে সন্তোষ প্রকাশ করেছেন। মন্ত্রী বাল্য বিবাহ, শিশু পাচার এবং মহিলা ও শিশুদের বিভিন্ন সমস্যার বিষয়ে আরো বেশি সচেতনতা অভিযান চালানোর পরামর্শ দেন। অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির কর্মীদের শীঘ্রই মোবাইল ফোন দেওয়া হবে বলেও মন্ত্রী জানিয়েছেন। বৈঠকে শ্রীভূমি জেলায় ৩৫০টি মডেল অঙ্গনওয়াড়ি কেন্দ্র স্থাপনের অনুমোদন দেওয়া হয়েছে বলে জানিয়ে যেসব কেন্দ্রের কাজ এগিয়ে রয়েছে, সেগুলি আগামী মার্চ মাসের মধ্যে সম্পূর্ণ করার নির্দেশ দিয়েছেন। বৈঠকে দুই বিধায়ক বিজয় মালাকার এবং কমলাক্ষ দে পুরকায়স্থ উপস্থিত ছিলেন।

---

কাছাড় জেলার কল্যাণমূলক পরিকাঠামো শক্তিশালী করার লক্ষ্যে অর্থমন্ত্রী শ্রীমতী নেওগ গতকাল মেহেরপুরে একটি সমাজ কল্যাণ কার্যালয় ভবনের এবং সদরঘাটে একটি নতুন ট্রেজারী কার্যালয় ভবনের উদ্বোধন করেন। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সাংসদ পরিমল শুরুবৈদ্য, বিধায়ক দীপায়ন চক্রবর্তী, জেলা আয়ুক্ত মৃদুল যাদব উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে শ্রী মতী নেওগ শিশু মহিলা এবং দুঃস্থ লোকদের কল্যাণে গ্রহণ করা সরকারের বিভিন্ন প্রকল্পের বিষয়ে উল্লেখ করে এই প্রকল্পগুলি রূপায়নে সরকারের প্রতিশ্রুতির কথা উল্লেখ করেন। কাছাড় জেলার মহিলা ও শিশু উন্নয়ন বিভাগে বর্তমানে ১৬ টি প্রকল্প রূকের অধীনে ৫৩৪ টি কেন্দ্রকে সংযুক্তিকরণের ফলে বর্তমানে ৩ হাজার ৪০৭ টি অংগনোয়াড়ী কেন্দ্র রয়েছে বলে মন্ত্রী উল্লেখ করেন। এই কেন্দ্রগুলি পোষণ অভিযান, বেটী বাচাও, বেটী পড়াও নারী সবলীকরণ, নেশা মুক্ত ভারত অভিযান প্রকল্পগুলি রূপায়নে প্রধান ভূমিকা পালন করবে বলে শ্রীমতী নেওগ উল্লেখ করেন।

---

নেতাজী সুভাষ চন্দ্র বসুর ১২৯ তম জন্মজয়ন্তী উপলক্ষে আজ বরাক উপত্যকার তিন জেলায় বিভিন্ন কার্যসূচি গ্রহণ করা হয়েছে। সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও আজ পরাক্রম দিবস পালন করা হচ্ছে। শিলচরের নেতাজী মূর্তি নবনির্মাণ ও স্থাপনা কমিটির উদ্যোগে আজ বেলা বারোটা ১৫ মিনিটে শহরের গান্ধীবাগে নেতাজী সুভাষের প্রতিমূর্তিতে মাল্যদান করে ১২৯ বার তোপধ্বনি করা হবে। কাছাড় জেলার নেতাজী সুভাষ ফাউন্ডেশনের উদ্যোগে এই উপলক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এছাড়া কেন্দ্রীয় নেতাজী জন্মজয়ন্তী উদযাপন কমিটির উদ্যোগে আজ অন্যান্য কার্যসূচীর মধ্যে রয়েছে- সকালে প্রভাতফেরী, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা।

---

তারাপুরের পাইওনিয়র সাংস্কৃতিক সংস্থার উদ্যোগেও আজ সকাল ৮টায় কিশোর-কিশোরীরা মার্চ পাষ্ট করে শিলচর গান্ধীবাগে নেতাজীর প্রতিকৃতিতে শ্রদ্ধা জ্ঞাপন করবে। এছাড়া সংস্থার পক্ষ থেকে অন্যান্য কার্যসূচীর মধ্যে রয়েছে আগামী ২৫ ও ২৬শে জানুয়ারী আবৃত্তি-সঙ্গীত-নৃত্য প্রতিযোগিতা সহ সাংস্কৃতিক অনুষ্ঠান।

---

করিমগঞ্জের সাংসদ কৃপানাথ মালা গতকাল হাইলাকান্দি জেলার লালা কমিউনিটি হেলথ সেন্টারে ডায়ালাসিস সেন্টারের উদ্বোধন করেছেন। এ উপলক্ষ্যে জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতমের পৌরহিত্যে আয়োজিত সভায় অতিরিক্ত আয়ুক্ত লাইরহলু খেনতে, যুগ্ম-স্বাস্থ্য সঞ্চালক ডক্টর অলকানন্দা নাথ প্রাসঙ্গিক বক্তব্য রাখেন। উল্লেখ্য গতকাল উদ্বোধন

করা লালা ডায়ালাসিস কেন্দ্রের তিনটি শয্যায় প্রতি দিন নয়জন কিডনির রোগী ডায়ালাসিসের সুযোগ লাভ করবেন ।

---

আসাম সহ উত্তর-পূর্ব ভারতে গতকাল রাত ৮টা ৫৭ মিনিটে মৃদু ভূমিকম্প অনুভূত হয়েছে । রিক্টার স্কেলে এই ভূমিকম্পের মাত্রা ছিল চার দশমিক তিন । ভূমিকম্পের উৎপত্তি স্থল ছিল পশ্চিম মণিপুরের ফেরজলে যা শিলচর শহর থেকে ১৬০ কিলোমিটার দূরে । ভূমিকম্প হতাহতের কোন খবর পাওয়া যায় নি ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে উগ্রপন্থী সংগঠন আলফা স্বাধীনের রাজ্যজুড়ে নাশকতা চালানোর হুমকির পরিপ্রেক্ষিতে আগামী ২৬শে জানুয়ারী পর্যন্ত হাইলাকান্দির রবীন্দ্র মেলা বন্ধ থাকবে । মেলা কমিটির সাধারণ সম্পাদক পিনাকী ভট্টাচার্য জানান যে মেলা বন্ধ রাখা নিয়ে জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম গতকাল এক বৈঠক করেছেন । উল্লেখ্য হাইলাকান্দি শহরের নেতাজী সুভাষ চন্দ্র বসু মাঠে গত পয়লা জানুয়ারী থেকে রবীন্দ্র মেলা শুরু হয়েছিল ।

---

---